

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২০২৮

৫/ হাজ (হজ/হজ) (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৯৫. হাতীমে সালাত আদায়

بَابُ الصَّلَاةِ فِي الْحِجْرِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ، عَنْ عَلْقَمَةَ، عَنْ أُمِّهِ، عَنْ عَائِشَةَ، أَنَّهَا قَالَتْ: كُنْتُ أُحِبُّ أَنْ أَدْخُلَ الْبَيْتَ فَأَصْلَى فِيهِ فَأَخْذَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِيَدِي فَأَدْخَلَنِي فِي الْحِجْرِ فَقَالَ: صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَرَدْتَ دُخُولَ الْبَيْتِ، فَإِنَّمَا هُوَ قَطْعَةٌ مِنَ الْبَيْتِ، فَإِنَّ قَوْمًا اقْتَصَرُوا حِينَ بَنُوا الْكَعْبَةَ فَأَخْرَجُوهُ مِنَ الْبَيْتِ

حسن صحيح

বাংলা

২০২৮। 'আয়শাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি বাযতুল্লাহর ভেতরে প্রবেশ করে সেখানে সালাত আদায় করতে চাইলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার হাত ধরে হাতীমের মধ্যে প্রবেশ করিয়ে বললেন, তুমি যেহেতু বাযতুল্লাহর ভেতর সালাত পড়তে চেয়েছো তখন এখানেই সালাত পড়ে নাও। কেননা এটাও বাযতুল্লাহর অংশ। তোমার সম্প্রদায়ের লোকেরা যখন বাযতুল্লাহ পুনঃনির্মাণ করছিলো, তখন তাদের অর্থের অন্টন থাকায় তারা এ অংশটুকু মূল ঘর থেকে বাইরে রেখেছো।[1]

হাসান সহীহ।

English

Narrated Aisha, Ummul Mu'minin:

I liked to enter the House (the Ka'bah) and pray therein. The Messenger of Allah (ﷺ) caught me by hand and admitted me to al-Hijr. He then said: Pray in al-Hijr when you intend to enter the House (the Ka'bah), for it is a part of

the House (the Ka'bah). Your people shortened it when they built the Ka'bah, and they took it out of the House.

ফুটনোট

[1]. তিরমিয়ী, নাসায়ী। ইমাম তিরমিয়ী বলেন: এই হাদীসটি হাসান সহীহ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=59396>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন